

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বন অধিদপ্তর  
পরিচালকের কার্যালয়  
জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা।  
www.nbg.portal.gov.bd

নম্বর: ২২.০২.০০০০.২১৮.০২.০২৮-২৪.০২৫৮

তারিখ: ২৯/১২/২০২৪ খ্রি.

### বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ তারুণ্যের উৎসব ২০২৫-কে সফল করার লক্ষ্যে গঠিত  
“জিরো ওয়েস্ট ব্রিগেড” আলোকে জাতীয় উদ্ভিদ উদ্যানে “জিরো ওয়েস্ট ব্রিগেড” গঠনের নিমিত্ত  
আগ্রহীগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান।


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল)-এর  
সহযোগিতায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ তারুণ্যের উৎসব ২০২৫-কে সফল করার লক্ষ্যে  
প্রধান উপদেষ্টার কার্যালয়ের নির্দেশনার পরিপ্রেক্ষিতে “সকল প্রকার খাবারজাত ওয়েস্ট ম্যাটারিয়াল সংগ্রহের  
জন্য স্থানীয় প্রশাসনের তত্ত্বাবধানে স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, রোভার স্কাউট ও স্থানীয় যুব সমাজের সমন্বয়ে  
“জিরো ওয়েস্ট ব্রিগেড” গঠন করার বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কতিপয়  
কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে জাতীয় উদ্ভিদ উদ্যান এর “জিরো ওয়েস্ট ব্রিগেড” গঠনে আগ্রহী  
স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, রোভার স্কাউট ও স্থানীয় যুব সমাজ-কে নিম্নবর্ণিত নিয়ামাবলী ও শর্ত মোতাবেক  
আগামী ০২/০১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত  
অফিস চলাকালীন) যথাযথভাবে পূরণ করে দাখিলের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রাপ্ত আবেদন  
মূল্যায়ন করত ১৫০ জনকে প্রাথমিক পর্যায়ে সুযোগ প্রদান করা হবে।

#### শর্তাবলী/নিয়ামাবলী :

- ১। বয়স ১৬ বছরের উর্ধ্বে হতে হবে।
- ২। সাপ্তাহিক চ্যালেঞ্জ অংশগ্রহণ করতে হবে এবং চ্যালেঞ্জ সম্পন্ন করতে হবে।
- ৩। ছোট ছোট গ্রুপে কাজ করার আগ্রহী হতে হবে।
- ৪। নির্ধারিত দায়িত্বাবলী সঠিকভাবে পালন করতে হবে।
- ৫। অনৈতিক কর্মকাণ্ড হতে বিরত থাকতে হবে।
- ৬। চ্যালেঞ্জ শেষে আকর্ষণীয় পুরস্কার ও সার্টিফিকেট গ্রহণ করতে হবে।
- ৭। ভবিষ্যতে এ ধরনের কর্মকাণ্ডে যুক্ত থাকতে আগ্রহী হতে হবে।

#### নির্ধারিত ফরম প্রেরণের ঠিকানা :

জাতীয় উদ্ভিদ উদ্যান  
মিরপুর-২, ঢাকা-১২১৬।  
ফোনঃ ০২৫৮০৫৫৮৫৫  
ই-মেইলঃ directornbg2017@gmail.com

  
২৯/১২/২০২৪  
(শওকত ইমরান আরাফাত)  
পরিচালক (চ.দা.)  
ফোন: ০২৫৮০৫৫৮৫৫  
directornbg2017@gmail.com

